# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নের উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** রাদিতা আধুনিক পরিবারে মানুষ। কিছুটা স্বেচ্ছাচারী স্বভাব। বিয়ের পর বড় পরিবারে এসে কিছুতেই খাপ খাইয়ে নিতে পারে না। সবার সাথে অশান্তি লেগেই আছে। আস্তে আস্তে সবার সাথে সম্পর্কের অবনতি ঘটতে থাকে। রাদিতার শাশুড়ি নিজেকে সংযত রেখে সম্পূর্ণ পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন এবং রাদিতাকে খুশি রেখেই সংসারে শান্তি ফিরিয়ে আনে।

ক. গৃহ ব্যবস্থাপক কাকে বলে? ১

খ. অধ্যবসায় বলতে কী বোঝ? ২

গ. রাদিতার মধ্যে কোন গুণটির অভাব রয়েছে?- ব্যাখ্যা করো। ৩

ঘ. গৃহ ব্যবস্থাপক হিসেবে রাদিতার শাশুড়ি নিজেকে কোন গুণের মাধ্যমে সার্থক ব্যবস্থাপক হিসেবে প্রমাণ করতে পেরেছেন? ৪

**২.▶** রনি তার বাড়িটিকে সুন্দরভাবে সাজানোর জন্য কিছু ছবি ও প্লাস্টিকের ফুল কিনে আনেন। ঘরের যেখানে সেখানে ফুল সাজালেন। কিন্তু ছবি টাঙ্গালেন একদম নিয়ম মেনে। রনির এক বন্ধু দাওয়াত খেতে এসে দেওয়ালে টাঙ্গানো ছবি দেখে বললেন, ছবির জায়গা নির্বাচন চমৎকার হয়েছে। কিন্তু ফুল সাজানোর কিছু পদ্ধতি রনিকে শিখিয়ে দিলেন।

Teachingbd24.com

https://teachingbd24.com

ক. মানুষের সহজাত প্রবৃত্তি কোনটি? ১

খ. কক্ষে পর্দার প্রয়োজন হয় কেন? ২

গ. রনি কীভাবে গৃহে চমৎকার পরিবেশ সৃষ্টি করলেন? ৩

ঘ. রনি গৃহকে অপরূপ করতে চাইলে তা কীভাবে সম্ভব হতো? ৪

৩.▶ ৮ম শ্রেণিতে পড়ে রাজিব। এক সময় সে খুব হাসিখুশি ছিল। হঠাৎ এক সময় দেখা গেল সে স্কুলে নিয়মিত যাচ্ছে না। সারাদিন ঘরে বসে থাকে। খেতে চায় না। রাতে ঘুমায় না। হঠাৎ তার মধ্যে আত্মহত্যার প্রবণতা লক্ষ্য করা গেল।

ক. কিশোর অপরাধ এর সময়সীমা কত? ১

খ. অন্তর্মুখী সমস্যা বলতে কী বোঝ? ২

গ. রাজিব কোন ধরনের রোগে ভুগছে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত রাজিবের রোগটির প্রতিরোধ ও প্রতিকার ব্যবস্থা বিশ্লেষণ করো। ৪

৪.▶ প্রতিবন্ধিতা রোধে এলাকার জনগণকে সচেতন করে তোলা খুবই জরুরি। এক্ষেত্রে জন্ডিসের ভয়াবহতা, পুষ্টি উপাদানের প্রয়োজন সম্পর্কে প্রচারণা দরকার। এছাড়া শিশুর জন্য দূষণমুক্ত পরিবেশ ও তাদের আঘাত হতে রক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে অবগত করতে হবে।

ক. বর্ণ উল্টা দেখা কোন প্রতিবন্ধিতার লক্ষণ? ১

খ. সেরেব্রলে পদ্ধতি বলতে কী বোঝ? ২

Teachingbd24.com

গ. উদ্দীপকে উল্লেখিত সমস্যা সৃষ্টিতে মায়ের রোগ ও অপুষ্টির প্রভাব ব্যাখ্যা করো। ৩

ঘ. সামাজিক প্রতিষ্ঠান ও প্রচার মাধ্যমে উদ্দীপকে উল্লিখিত সমস্যা মোকাবেলায় কী কী পদক্ষেপ রাখতে পারে বলে তুমি মনে করো? ৪

**৫.▶** রাহেলার দুইদিন যাবত প্রচণ্ড পাতলা পায়খানা ও বমি হচ্ছে। তার মা নিজে তাকে ঔষধ খাওয়াচ্ছে কিন্তু কাজ হচ্ছে না। দুর্বল হয়ে যাচ্ছে এবং ঠোঁট, মুখ শুকিয়ে যাচ্ছে। ডাক্তারের কাছে নিয়ে গেলে রাহেলাকে প্রচুর তরল খাবার খাওয়ার পরামর্শ দেন।

ক. আমাদের দেহে শতকরা কত ভাগ পানি? ১

খ. প্রোটিনকে মুখ্য উপাদান হিসেবে গণ্য করা হয় কেন? ২

গ. রাহেলা কোন রোগে ভুগছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাহেলার জন্য ডাক্তারের পরামর্শটি বিশ্লেষণ করো। ৪

**৬.▶** রাজন সাহেবের বয়স ৪৫ বছর। তিনি অত্যন্ত ভোজনরসিক। চর্বি, মিষ্টি জাতীয় খাবার খেতে অত্যন্ত পছন্দ করেন। টিভি দেখে, গল্পের বই পড়ে সময় কাটান। হাঁটতে একদম পছন্দ করেন না। ডাক্তার তাকে মিষ্টি খেতে নিষেধ করেছেন এবং নিয়ম করে হাঁটতে বলেছেন।

ক. উচ্চ রক্তচাপে কোন জাতীয় ফল খাওয়া দরকার? ১

খ. ডায়াবেটিসে কোন কোন খাবার হিসাব করে খেতে হবে? ২

গ. রাজন সাহেবের যে রোগ হয়েছে তাতে কোন কোন খাবার পরিহার করতে হবে তার একটি তালিকা তৈরি করো। ৩

Teachingbd24.com

ঘ. নিয়মতান্ত্রিক জীবনযাপনকারী রাজন সাহেবের সুস্থতার সহায়ক-বিশ্লেষণ করো। ৪

**৭.▶** রোজিনা চৌধুরী তার ঘরের সদস্যদের পরার কাপড় নিজেই তৈরি করেন। তার মেয়ে নমিতা মোটা ও খাটো। মার্কেটে গিয়ে তিনি তার মেয়ের উপযুক্ত রেখায় কাপড় নির্বাচন করেছেন। তিনি মনে করেন আকৃতি অনুযায়ী পোশাক নির্বাচন করলে সহজেই ব্যক্তিত্ব ফুটিয়ে তোলা যায়।

ক. সমান্তরাল রেখা কী প্রকাশ করে? ১

খ. পোশাকে জীগজ্যাগ রেখার ব্যবহার কীরূপ হয়? ২

গ. রোজিনা সুরভীর জন্য কোন রেখার পোশাক নির্বাচন করলেন এবং কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. রোজিনার সাথে তুমি কি একমত? সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.▶** রীমার স্কুলের পোশাক সব সময় পরিস্কার থাকে। সকলেই এ জন্য প্রশংসা করে। রীমা পোশাকের নীতিমালা মেনে নিয়ে পোশাক পরিষ্কার পরিচ্ছন্ন ও ইস্ত্রি করে থাকেন।

ক. বস্ত্র ধৌত করার মূল উদ্দেশ্য কী? ১

খ. সাবানের গুণাবলি ব্যাখ্যা করো। ২

গ. বস্ত্র ধৌতকরণের আগে প্রস্তুতিমূলক হিসেবে আমাদের কী কী করণীর বলে তুমি মনে করো? ৩

ঘ. তোমার পোশাক পরিষ্কার করতে হলে কী ব্যবস্থা অবলম্বন করবে তা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

Teachingbd24.com

# গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. গৃহব্যবস্থাপনার প্রথম ধাপ কোনটি?**
ক) পরিকল্পনা
খ) সংগঠন
গ) নিয়ন্ত্রণ
ঘ) মূল্যায়ন

**২. সংগঠনের কয়টি পর্যায় আছে?**
ক) ২টি
খ) ৩টি
গ) ৪টি
ঘ) ৫টি

**৩. কোনটি সমাজের মূলভিত্তি?**
ক) গৃহ
খ) রাষ্ট্র
গ) বিদ্যালয়
ঘ) পরিবার

**৪. সীমিত সম্পদ ব্যবহার করা যায় কিসের মাধ্যমে?**
ক) ক্ষমতা
খ) বুদ্ধিমত্তা
গ) শক্তি
ঘ) অভিজ্ঞতা

**৫. কোন সম্পদ অর্জন করার জন্য বার বার চর্চা করার প্রয়োজন হয়?**
ক) অর্থ খ) সময়
গ) দক্ষতা ঘ) দৃষ্টিভঙ্গি

**৬. কোনটি ছাড়া লক্ষ্য অর্জন অসম্ভব?**
ক) খাদ্য খ) বস্ত্র
গ) সম্পদ ঘ) বাসস্থান

**৭. কোনটি ছাড়া লক্ষ্য অর্জন সম্ভব নয়?**
ক) বাজেট
খ) সময় তালিকা
গ) শিক্ষাগত যোগ্যতা
ঘ) শক্তির ব্যবস্থাপনা

**৮. কোনটি বস্তুবাচক সম্পদগুলোর মধ্যে অন্যতম ও প্রধান?**
ক) গৃহ খ) অর্থ
গ) জমিজমা ঘ) গাড়ি

**৯. শয়নকক্ষের দেয়ালের রং কেমন হলে ভালো হয়?**
ক) লাল
খ) গোলাপী
গ) হলুদ
ঘ) কমলা

**১০. বদলির চাকুরিজীবীদের জন্য কেমন আসবাবপত্র নির্বাচন করা উচিত?**
ক) হালকা
খ) ভারি
গ) দামি
ঘ) টেকসই

**১১. শিশুর বিকাশ কোন ধরনের প্রক্রিয়া?**
ক) সরল
খ) মিশ্র
গ) জটিল
ঘ) আবেগীয়

**১২. বংশগতির প্রভাব চলে-**
i. জীবনের সূচনা থেকে
ii. কৈশোর পর্যন্ত
iii. জীবনব্যাপী

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৩. শিশুদের ক্ষমতাকে বাড়িয়ে দেয় কোনটি?**
ক) স্নেহ
খ) ধৈর্য
গ) প্রশংসা
ঘ) পরিশ্রম

Teachingbd24.com

https://teachingbd24.com

১৪. কোনটি সহ্য করার ক্ষমতা সবার এক রকম নয়?
ⓚ হতাশা
ⓚ বিষণ্ণতা
ⓖ মনোভাব
ⓖ মানসিক চাপ

১৫. এক বছর বয়সে জন্ম ওজনের কতগুণ বাড়ে?
ক) ২ গুণ
খ) ৩ গুণ
গ) ৪ গুণ
ঘ) ৫ গুণ

১৬. কোনটি বেরিবেরি রোগের লক্ষণ?
ক) বমি
খ) হাত পা অবশ হয়ে যাওয়া
গ) দাঁতের মাড়ি ফুলে ওঠা
ঘ) মাথা ধরা

১৭. প্রথম শ্রেণির প্রোটিন কোনটি?
ক) ডাল
খ) বাদাম
গ) ভুট্টা
ঘ) মাংস

নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:

মালিহার বয়স ১২ বছর। প্রতি মাসেই তার ঋতুস্রাব হয়। পুষ্টিকর খাদ্যের অভাবে তার দাঁত ও চোখে অসুবিধা বোধ করে।

১৮. মালিহার অসুবিধা দূরীকরণে কীরূপ খাদ্য দেওয়া প্রয়োজন।
ক) ক্যালসিয়ামসমৃদ্ধ
খ) ভিটামিনসমৃদ্ধ
গ) প্রোটিনসমৃদ্ধ
ঘ) ফ্যাটসমৃদ্ধ

১৯. উক্ত বয়সে মালিহার প্রয়োজন-
i. লৌহ
ii. আয়োডিন
iii. ফলিক এসিড
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২০. রান্নায় নতুনত্ব আনা যায় কিসের মাধ্যমে?
ক) মেনু
খ) রেসিপি
গ) পরিকল্পনা
ঘ) পরিবেশন

২১. আলুর এক পরিবেশন পরিমাণ কত গ্রাম?
ক) ১২০  খ) ১৫০
গ) ১৮০  ঘ) ২০০

২২. কোন ধরনের তন্তুকে ব্লিচিং করা যায়?
ক) রেশম  খ) পশম
গ) সুতি  ঘ) লিনেন

২৩. খাড়া রেখার পোশাক কোন ব্যক্তির জন্য উপযোগী?
ক) পাতলা  খ) লম্বা
গ) মোটা  ঘ) ফর্সা

২৪. কত ঘণ্টা সময় পর্যন্ত প্রুসিয়ান রঙের গুণগত মান বজায় থাকে?
ক) ১  খ) ২
গ) ৩  ঘ) ৪

২৫. ঘরের ও বাইরের পোশাক হিসেবে ফতুয়া কোন ঋতুতে আরামদায়ক?
ক) বর্ষাকালে
খ) গ্রীষ্মকালে
গ) শরৎকালে
ঘ) শীতকালে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ |
| | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | | |

Teachingbd24.com